গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২৩-১১৭

তারিখ : ৩০ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

# "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" এর বিজ্ঞপ্তি

যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উল্লিখিত ০৫টি ক্যাটাগরিতে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

## পুরস্কার ক্যাটাগরির নাম

| ক্রমিক নং | ক্যাটাগরির নাম | পুরস্কার সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| ১. | যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | প্রতিটি পুরস্কার নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা/প্রাইজবন্ড, একটি সম্মাননা ক্রেস্ট এবং একটি সার্টিফিকেট |
| ২. | শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৩. | দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | |
| ৪. | জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৫. | ক্রীড়া, কলা ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য | ০৩ (তিন)টি | |

## আবেদনের শর্তাবলী

১. আবেদনকারীকে অবশ্যই ১৮ হতে ৪৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরা এ পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন।

৩. ঢাকা জেলার (মহানগরীসহ) আগ্রহী প্রার্থীগণকে অনলাইন এবং অফলাইন (হার্ড কপি) উভয় মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।

৪. ঢাকা জেলা ব্যাতীত অবশিষ্ট ৬৩ জেলার আগ্রহী প্রার্থীগণকে উপজেলা নির্বাহী অফিসার বরাবর নির্ধারিত ফরমে সরাসরি আবেদন (অনলাইন ব্যতীত) দাখিল করতে হবে। তবে মহানগরীর (ঢাকা মহানগরী ব্যতীত) ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

৫. উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং ঢাকা জেলা ব্যতীত অবশিষ্ট ৬৩ জেলার জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে। এ ছাড়া চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে।

৬. আবেদনের সাথে দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। বিশিষ্ট ব্যক্তি বলতে-মাননীয় সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং সরকারী, আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রায়ত্ব সংস্থায় জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তাগণকে বুঝাবে।

৭. একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

৮. ফৌজদারি মামলায় দন্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

পাতা/২

Scanned with CamScanner

৯. সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১০. ঋণখেলাপি কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১১. চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে ক্যাটাগরিভিত্তিক মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।

১২. ইতঃপূর্বে শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রাপ্তগণ এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১৩. ক্ষেত্র বিশেষে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ পুরস্কারের পরিমাণ ও সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

১৪. পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের এখতিয়ারভুক্ত হওয়ায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

২। ঢাকা জেলার (মহানগরীসহ) প্রার্থীগণ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moysports.gov.bd) -এ প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবাসমূহের আওতাধীন "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড সিস্টেম" নির্বাচন করে নিবন্ধন প্রক্রিয়া শেষে নির্ধারিত ফরমে ( উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং মহানগরীর ক্ষেত্রে জেলা প্রশাসক ) অনলাইন (https://award.moysports.gov.bd) এবং অফলাইন উভয় মাধ্যমে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ ( ১৬ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ ) তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। উল্লেখ্য, শুধুমাত্র ঢাকা জেলার (মহানগরীসহ) প্রার্থীগণকে অনলাইন এবং অফলাইন (হার্ড কপি) উভয় মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে।

৩। ঢাকা জেলা ব্যতীত ৬৩ জেলার ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moysports.gov.bd) প্রবেশ করে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" নির্বাচন করে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড (download) পূর্বক অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ ( ১৬ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ ) তারিখের মধ্যে সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর আবেদন বিবেচিত হবে না।

৪। সরাসরি দাখিলকৃত আবেদনের সাথে যথাযথ প্রমাণক ( সনদপত্র, প্রত্যায়নপত্র, ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি ) সংযুক্ত করতে হবে।

৫। এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সহযোগিতা নেয়া যেতে পারে।

১৫.১১.২০২৩

মো: রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

Scanned with CamScanner